# 2025

## BENGALI

Paper : BEN0400304

*(লোকসাহিত্য পাঠ)*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) শিয়ালপণ্ডিত গল্পে কুমিরের কয়টি ছেলে ছিল?

(খ) কিরণমালা গল্পে গৃহস্থের কোন্ মেয়েটিকে রাজা বিয়ে করেছিলেন?

(গ) মাঘমণ্ডল ব্রতে কোন্ দেবতার আরাধনা করা হয়?

(ঘ) পুণ্যিপুকুর ব্রত কোন্ মাসে উদযাপন করা হয়?

(ঙ) "খাঁচার ভিতর অচিন পাখি" গানটির রচয়িতা কে?

(চ) মনমাঝি কীসের আশায় কাঁদছিল?

(ছ) "ছেলেভুলানো ছড়া" প্রবন্ধটির রচয়িতা কে?

(জ) 'বন থেকে বেরুল টিয়ে, সোনার টুপি মাথায় দিয়ে'— এই ধাঁধাটির উত্তর লেখো।

২। নীচের *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৬=১২

(ক) কিরণমালার পালিত দুটি পশুর নাম লেখো।

(খ) 'নীলকমল আর লালকমল' গল্প অনুযায়ী মানুষ রানি ও রাক্ষুসী রানির ছেলেদের নাম লেখো।

(গ) 'সাত ভাই চম্পা' গল্পে উল্লিখিত পাঁশগাদার ওপর কী কী ফুল ফুটেছিল?

(ঘ) 'মাঘমণ্ডল' ব্রতে ব্যবহৃত দুটি উপকরণের নাম লেখো।

(ঙ) 'তোষলা ব্রতে'র দুটি বিধি উল্লেখ করো।

(চ) 'আদর সিংহাসন ব্রত' কোন্ মাসে পালন করা হয়? এই ব্রতের ব্রতী কারা?

(ছ) বাউল গানের দুটি বৈশিষ্ট্য লেখো।

(জ) ভাটিয়ালি গান প্রচলিত আছে এমন দুটি অঞ্চলের নাম লেখো।

(ঝ) ছড়ার দুটি বৈশিষ্ট্য লেখো।

(ঞ) 'All that glitters is not gold,' ইংরেজি এই প্রবাদটির সমার্থক বাংলা প্রবাদটি লেখো।



৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৫×৪=২০

(ক) 'শিয়ালপণ্ডিত' গল্প অবলম্বনে শিয়াল কীভাবে কুমিরকে বোকা বানিয়েছে তার বিবরণ দাও।

*অথবা*

(খ) 'সাত ভাই চম্পা' গল্পে রাজা ছোটরানিকে রাজপুরী থেকে কেন বের করে দিয়েছিলেন তা সংক্ষেপে লেখো।

(গ) পুণ্যিপুকুর ব্রতকে কুমারী ব্রত বলা যায় কিনা বুঝিয়ে লেখো।

*অথবা*

(ঘ) আদর সিংহাসন ব্রত সম্পর্কে যা জান লেখো।

(ঙ) ব্যাখ্যা করো—

'মন তুই রইলি খাঁচার আশে, খাঁচা যে তোর কাঁচা বাঁশের।'

*অথবা*

(চ) 'তোমায় হৃদ্ মাঝারে রাখিব' গানটিতে গীতিকার গৌরাঙ্গ মহাপ্রভুর যে বর্ণনা দিয়েছেন তা সংক্ষেপে লেখো।

(ছ) উদাহরণ সহ ঐতিহাসিক প্রবাদ সম্পর্কে আলোচনা করো।

*অথবা*

(জ) বাংলার প্রকৃতি অথবা গার্হস্থ্য জীবন সম্পর্কিত ধাঁধার বিষয়ে সংক্ষেপে লেখো।

৪। নিচের *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর লেখো ঃ ১০×২=২০

(ক) ‘সাত ভাই চম্পা’ গল্পে রাজা কীভাবে তাঁর পুত্র ও মেয়ে পারুলকে খুঁজে পেয়েছিলেন তা বিশদ ভাবে লেখো।

(খ) রূপকথার বৈশিষ্ট্য আলোচনা করে ‘নীলকমল আর লালকমল’ গল্পটিকে রূপকথা বলা যায় কিনা পর্যালোচনা করো।

(গ) কোজাগরী ব্রত সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনা প্রস্তুত করো।

(ঘ) “আমি যে গহীন গাঙের নাইয়া”—এই লোকসংগীতটির বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

(ঙ) উদাহরণসহ বাংলা ছড়ার যে কোনো দুটি বিভাগ সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

---